

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)  
তেজগাঁও, ঢাকা।  
[www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)

**বিষয়ঃ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এর ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব মোঃ ফারুক হোসেন  
নির্বাহী চেয়ারম্যান  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।  
তারিখঃ ০৮/১২/২০১৯খ্রিঃ  
সময়ঃ সকাল ১০.০০ টা  
স্থানঃ নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কার্যপত্র অনুযায়ী সভা পরিচালনার জন্য সদস্য (প্রশাসন ও অর্থ) কে অনুরোধ জানান। সদস্য (প্রশাসন ও অর্থ) সভার আলোচ্য বিষয়গুলো ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত আলোচ্য বিষয়, আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্র.নং	বিষয়	সিদ্ধান্ত
১	গত সভার কার্যবিবরণী অনুমোদন	সদস্যদের আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।
২	<b>১২টি প্রতিষ্ঠানের নিবন্ধন</b> নিবন্ধন সুপারিশ কমিটি নিম্নোক্ত ১২ টি প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদানের জন্য কর্তৃপক্ষের সভায় উপস্থাপন করার অনুরোধ জানিয়েছেনঃ ১) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), পাহাড়তলী, চট্টগ্রাম ২) বাংলাদেশ-কোরিয়া টিটিসি,খুলশী, চট্টগ্রাম ৩) ইউসেপ আমবাগান টেকনিক্যাল স্কুল, চট্টগ্রাম ৪) এ কে খান ইউসেপ টেকনিক্যাল স্কুল, চট্টগ্রাম ৫) এম সি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম ৬) শামসুন নাহার হারুন টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট, চট্টগ্রাম ৭) এম এ আই টি ট্রেনিং সেন্টার, পতেঙ্গা, চট্টগ্রাম ৮) গাউসুল আজম মাইজভান্ডারী টেকনিক্যাল ইন্সটিটিউট, ফটিকছড়ি, চট্টগ্রাম	সভায় প্রতিটি প্রতিষ্ঠান পরিদর্শনের রিপোর্ট বিস্তারিতভাবে আলোচিত হয়। আলোচনার ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ নেয়া হয়ঃ ১) বিবেচ্য ১২ টি প্রতিষ্ঠানকে আনুষ্ঠানিকভাবে নিবন্ধন সনদ প্রদান করা হবে; ২) আবেদনকারী যে সকল প্রতিষ্ঠান পরিদর্শন শেষে নিবন্ধন পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হয়নি, সেসব প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান না করার সুস্পষ্ট কারণ লিখিতভাবে জানাতে হবে, কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সদস্য এ বিষয়ে যথাযথ উদ্যোগ নেবেন; ৩) নিবন্ধন লাভে ব্যর্থ প্রতিষ্ঠানসমূহ তাদের ত্রুটিসমূহ দূর করে কর্তৃপক্ষ বরাবর পুনরায় আবেদন করলে যথাযথ নিরীক্ষান্তে যোগ্য বিবেচিত হলে ভবিষ্যতে তাদের নিবন্ধিত করা হবে মর্মে বিষয়টি সংশ্লিষ্ট

ক্র.নং	বিষয়	সিদ্ধান্ত
	<p>৯) চট্টগ্রাম মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খুলশী, চট্টগ্রাম</p> <p>১০) পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজাপুর, পাবনা</p> <p>১১) ডিজিটাল কম্পিউটার ট্রেনিং সেন্টার, শালগাড়িয়া, পাবনা</p> <p>১২) ইউসেপ যাত্রাবাড়ি টেকনিক্যাল স্কুল, যাত্রাবাড়ি, ঢাকা</p>	<p>প্রতিষ্ঠানকে জানাতে হবে।</p> <p>৪) নিবন্ধন গাইডলাইন নিম্নরূপে পরিমার্জন করতে হবেঃ</p> <ul style="list-style-type: none"> <li>➤ প্রতিষ্ঠান নিবন্ধন বাছাই কমিটির প্রয়োজনীয়তা না থাকায় এ কমিটি বিলুপ্ত করে সংশ্লিষ্ট শাখাকে এই দায়িত্ব পালন করতে হবে;</li> <li>➤ পৃথক সুপারিশ কমিটি বিলুপ্ত করার বিষয়ে সভায় ঐকমত্য হয়। এর পরিবর্তে পরিদর্শক দলের রিপোর্টের ভিত্তিতে কর্তৃপক্ষের সভায় নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হবে। সংশ্লিষ্ট শাখা এসংক্রান্ত নথি ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে;</li> <li>➤ প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য পরিদর্শক দল নিম্নোক্ত উপায়ে পুনর্গঠন করা যেতে পারেঃ</li> </ul> <p>১। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি,</p> <p>২। সংশ্লিষ্ট আইএসি বা এর অনুপস্থিতিতে বণিক সমিতি/টিটিসি/টিএসসি সংশ্লিষ্ট জেলার একজন প্রতিনিধি</p> <p>৩। জেলা প্রশাসকের একজন প্রতিনিধি</p>
৩	<p><b>গাইডলাইন অনুমোদন</b></p> <p>কোর্স স্বীকৃতি, প্রশিক্ষণার্থী এসেসমেন্ট, এসেসর এসেসমেন্ট ও এসেসমেন্ট সেন্টার গাইডলাইন অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে</p>	<p>১। গাইডলাইনসমূহ ইতোমধ্যে একাধিকবার পরীক্ষা করে দেখা হয়েছে। সভায় সর্বসম্মতিক্রমে এ গাইডলাইনগুলো অনুমোদন দেয়া হয়। সংশ্লিষ্ট শাখা থেকে দ্রুত গাইডলাইন জারীর পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>২। অ্যাসেসর পুল গঠন ও অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতির আবেদন করার লক্ষ্যে সদস্য (প্রশাসন) এসংক্রান্ত বিজ্ঞপ্তিসমূহ পত্রিকায় প্রকাশের উদ্যোগ নেবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
৪	<p><b>আন্তর্জাতিক সভা-সেমিনারে কো-পার্টনার হওয়ার সিদ্ধান্তঃ</b></p> <p>Institute of Diploma Engineers, Bangladesh (IDEB) ও Colombo Plan</p>	<p>আন্তর্জাতিক সভা-সেমিনারে কো-পার্টনার হওয়ার ক্ষেত্রে কর্তৃপক্ষ স্বাধীনভাবে উদ্যোগ নিতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত</p>

